

শিক্ষকের নাম: মো. মারুফ আহাম্মেদ

নাটক: সুখী মানুষ

১০। 'সুখী মানুষ' নাটকটি কে রচনা করেন? উ: মমতাজউদদীন আহমদ।

১১। যাঁরা নাটক লিখেন তাদের কী বলে? উ: নাট্যকার।

১২। নাটকে একজনের সঙ্গে অন্যজনের যেসব কথা হয়, সেগুলোকে কী বলে? উ: সংলাপ।

১৩। 'স্বাধীনতা আমার স্বাধীনতা', 'কী চাহ শঙ্খাচিল' বিখ্যাত নাটকগুলো কার লেখা? উ: মমতাজউদদীন আহমদ।

১৪। 'সুখী মানুষ' নাটকে কোন ভাষা ব্যবহার করা হয়েছে? উ: প্রমিত ভাষা।

১৫। নাটকে কথা বা সংলাপ যার মুখ দিয়ে উচ্চারিত হয় তাদের কী বলে? উ: চরিত্র।

১৬। 'সুখী মানুষ' নাটকটি কয়টি দৃশ্যে রচিত? উ: দুই।

১৭। নাটকে মোড়লের বয়স কত? উ: ৫০ বছর।

১৮। মোড়ল কার মামাতো ভাই? উ: হাসু।

১৯। মোড়ল কার মনিব? উ: রহমত।

২০। মোড়লের মুখে কে শরবত ঢেলে দেয়? উ: রহমত।

২১। মোড়ল কার মুরগি জোর করে খেয়েছে? উ: হাসু।

২২। কবিরাজ মোড়লের সুখের জন্য কী সংগ্রহ করতে বলেছেন? উ: ফতুয়া।

২৩। গল্পের সুখী মানুষ লোকটি সারাদিন কী করে? উ: বনে বনে কাঠ কাটে।

২৪। বাজারে কাঠ বেচে লোকটি কী কিনে? উ: চাল, ডাল।

২৫। একশো টাকায় রাজি না হলে হাসু ও রহমত লোকটিকে তার জামার জন্যে কত টাকার প্রস্তাব দেয়? উ: পাঁচশো।

২৬। 'সুখী মানুষ' নাটকের গুরুত্বপূর্ণ শব্দার্থের তালিকা:

অত্যাচারী- যে অত্যাচার করে

অমর- যার মৃত্যু নেই

কুঁড়েঘর- খড় দিয়ে ছাওয়া ছোটো ঘর

তৎক্ষণাৎ- সেই সময়ে

তাজ্জব কথা- অবাক করা কথা

দৃশ্য- নাটকের অংশ

নক্ষত্র- আকাশের তারা

নিস্তার- রক্ষা

প্রতিজ্ঞা করা- ওয়াদা করা

ফতুয়া- জামা

ব্যামো- অসুস্থতা

মোড়ল- গ্রামের প্রধান

স্নান আলো- সামান্য আলো

শ্রবণ করা- শোনা

২৭। পৃথিবীর সবচেয়ে উঁচু পাহাড়ের নাম কী? উ: হিমালয়

২৮। 'সুখী মানুষ' নাটক থেকে গুরুত্বপূর্ণ শব্দের প্রমিত উচ্চারণ:

অত্যাচারী- ওততাচারি

অন্ধকার- অনধোকার

আত্মীয়- আততিয়ো

কবিরাজ- কোবিরাজ

তৎক্ষণাৎ- ততখনাত

তাজ্জব- তাজজোব

বিশ্বাসী- বিশশাশি

ভিক্ষা- ভিকথা

সত্যি- শততি

সোনাদানা- শোনাদানা

২৯। 'সুখী মানুষ' নাটকের মূলভাবনা নিজের ভাষায় লেখো।

উ: 'সুখী মানুষ' নাটিকাটি একজন অত্যাচারী মোড়লের কাহিনি নিয়ে রচিত। মোড়ল মানুষকে ঠকিয়ে, মানুষের মনে কষ্ট দিয়ে ধনী হয়েছে। সে এখন অসুস্থ। তার মনে শান্তি নেই। চিকিৎসক বলেছেন, কোনো সুখী মানুষের জামা গায়ে দিলেই শুধু মোড়লের অসুস্থতা কেটে যাবে। কিন্তু পাঁচ গ্রাম খুঁজেও একজন সুখী মানুষ পাওয়া গেল না।

অবশেষে একজনকে পাওয়া গেল, যে নিজের শ্রমে উপার্জিত আয় দিয়ে কোনোভাবে জীবিকা নির্বাহ করে সুখে দিনাতিপাত করছে। সে সুখে ঘুমাতে পারে, কারণ তার কোনো সম্পদ নেই। ফলে তার কোনো চোরের ভয় নেই। সে একজন প্রকৃত সুখী মানুষ। কিন্তু মুশকিল হলো এই সুখী মানুষের কোনো জামা নেই। অতএব মোড়লের সমস্যার সমাধান হলো না। এখানে লেখকের বক্তব্য স্পষ্ট যে, অন্যান্য ও অনৈতিকভাবে উপার্জিত অর্থ বিত্তই মানুষের অশান্তির মূল কারণ। সুখ একটা আপেক্ষিক ব্যাপার। একজনের অনেক সম্পদ থেকেও সুখ নেই। আবার আরেকজনের কিছু না থাকলেও সে সুখী থাকতে পারে। সৎ পথে পরিশ্রমের মাধ্যমে জীবিকা নির্বাহ করলেই জীবনে শান্তি মেলে।

৩০। মোড়লের কোন রোগ হয়েছে? উ: হাড় মড়মড়।

অতিরিক্ত প্রশ্ন:

ক) নাটকের চরিত্রগুলোর বয়স সম্পর্কে লেখো।

খ) হিমালয় পাহাড় তুলে আনব?- কে কাকে বলেছে?

গ) লোভ করব না, অত্যাচার করব না- মোড়ল কেন বলে?

ঘ) এ তো খুব সোজা ওষুধ- এখানে কোনটির কথা বলা হয়েছে?

ঙ) লোকটি প্রাণখোলা হাসি হাসছে- কোন কথাটি শুনে লোকটি হাসছিল?